পরিবর্তনের সংক্ষিপ্তসার

এই প্রবিধান ২০ নভেম্বর, ২০০৮-এর চ্যান্সেলরের প্রবিধান, A-250-কে রহিত করে।

পরিবর্তনসমূহ:

- ইন্টারমিডিয়েট স্কুলের ক্ষেত্রে পরিবর্তন করে মিডল স্কুল করা হয়েছে। (পৃষ্ঠা ১, সার-সংক্ষেপ; পৃষ্ঠা ২, অনুচ্ছেদ III; পৃষ্ঠা ৩, অনুচ্ছেদ IV)।
- স্কুল বন্ধ থাকাকালে ও বিশেষ পরিস্থিতিতে সীমিত সময়ের জন্য ডিস্ট্রিক্ট ফ্যামেলি অ্যাডভোকেট এবং বরো ফ্যামেলি অ্যাডভোকেটগণ সকল প্রকার এমপ্লয়মেন্ট সার্টিফিকেট (কাজের সনদ) ও পারমিট (অনুমতি) ইস্যু করার অধিকারপ্রাপ্ত। (পৃষ্ঠা ২ III, অনুচ্ছেদ; পৃষ্ঠা ৩, অনুচ্ছেদ IV(C))।

সারসংক্ষেপ

এই প্রবিধান ২০ নভেম্বর, ২০০৮-এর চ্যান্সেলরের প্রবিধান, A-250-কে রহিত করে ও স্থলাভিষিক্ত হয় এবং নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের জন্য অ্যাম্পলয়মেন্ট সার্টিফিকেট (কাজের সনদ) ইস্যু প্রক্রিয়ার রূপরেখা প্রদান করে। উপযুক্ত শিক্ষার্থীদের জন্য অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করার ব্যাপারে স্টেটের আইনের অনুমোদন রয়েছে। অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করার আইনগত দায়িত্ব শুধু স্কুলের (পাবলিক ও নন-পাবলিক) দায়িত্বপ্রাপ্ত স্টাফের। সকল পাবলিক হাই স্কুল ও মিডল স্কুলকে শিক্ষার্থীদের অনুরোধসাপেক্ষে স্কুলগুলোর সকল শিক্ষার্থীদের জন্য অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করতে হবে। সকল পাবলিক হাই স্কুলগুলোকে নন-পাবলিক স্কুলের শিক্ষার্থীদের জন্যও অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করতে হবে। সকল পাবলিক স্কুলগুলোকে প্রতিটি স্কুল বছরের শেষ দিন পর্যন্ত অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করতে হবে। যেসব হাই স্কুল ও মিডল স্কুল গ্রীষ্মের সময় লোখাপড়ার জন্য খোলা থাকে, তাদেরকেও গ্রীষ্মের সময় অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করতে হবে।

I. অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেটের প্রয়োজনীয়তা

A. ১৮ বছরের কম বয়স্ক (এদের অন্তর্ভুক্ত আছে কলেজ স্টুডেন্ট, হাই স্কুল গ্র্যাজুয়েট, বিবাহিত, এবং স্বেচ্ছাসেবি) সকল নাবালকদেরকে কাজ করতে হলে অবশ্যই অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট (কাজের সনদ) সংগ্রহ করতে হবে (ব্যতিক্রমসমূহ নীচে দেখুন)। তবে ১৬ বা বেশি বয়সের নাবালকের অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেটের প্রয়োজন পড়বে না যে একটি স্বীকৃত উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পড়ছে এবং কোন অলাভজনক কলেজ বা ইউনিভার্সিটিতে কাজে নিযুক্ত আছে। ১৪ বা অধিক বয়স্ক নাবালক নৈমিত্তিকভাবে আবাসিক বা কোন অলাভজনক প্রতিষ্ঠানের কিংবা বাণিজ্যিক নয়, এমন কোন বাড়ির ভেতরে বা বাড়ির সাথে সংশ্লিষ্ট কোন ইয়ার্ড ও গৃহস্থালী কাজে, যেখানে বিদ্যুৎচালিত মেশিন চালাতে না হয়, নিয়োজিত হলে অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেটের প্রয়োজন হবে না। ১৬ বছর বয়স্ক নাবালক কৃষিকাজ করলে তার জন্য অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেটের প্রয়োজন পড়বে না। শিক্ষার্থীর ১৮তম জন্মদিনের পর তার অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেটের প্রয়োজন পড়বে না।

B. নিউ ইয়র্ক স্টেট এডুকেশন অ্যান্ড লেবার ল অধীনে অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট প্রদান করা একটি আইনগত প্রক্রিয়া। চ্যান্সেলরের পক্ষে স্কুলের স্টাফ অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেশন অ্যাক্ট পালনের জন্য দায়বদ্ধ থাকবেন।

II. অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেটের প্রক্রিয়া

A. জুনিয়ার হাই স্কুল বা হাই স্কুলে সব প্রিন্সিপ্যাল বা তার স্থলাভিষিক্ত ব্যক্তিকে অবশ্যই সার্টিফিকেশন সার্ভিসের একটি সময়সূচি প্রতিষ্ঠিত করবে যা:

1. কোথায় ও কখন অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেশন সার্ভিস পাওয়া যাবে, সে ব্যাপারে সকল শিক্ষার্থীকে সতর্ক করে দেওয়া।

2. অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেশন সার্ভিস বিভাগীয় স্কুল ক্যালেন্ডারের শেষ দিন এবং সামার স্কুল পর্যন্ত অব্যাহত রাখা (সামার স্কুলের জন্য স্কুল খোলা থাকলে)।

B. নাবালক শিক্ষার্থীর অধিকার আছে যথোপযুক্ত অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট লাভ করার। স্কুল কর্তৃপক্ষ তা দিতে আইনতঃ অস্বীকার করতে পারবে না। নিচে উল্লিখিত ব্যতিক্রম ছাড়া একটি অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করার দুই বছর পর তা মেয়াদোত্তীর্ণ হয়।

C. অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেটের জন্য আবেদনকারীরা (১২ বছরের কম বয়সের মডেল শিশু হওয়ার আবেদন ছাড়া) সশরীরে এসে আবেদন করতে হবে এবং সার্টিফিকেট এবং/অথবা পারমিটে সই দিতে হবে।

D. সাধারণত কাজের ন্যূনতম বয়স ১৪ বছর। শিক্ষার্থীরা ১৪তম জন্মদিন পার হওয়ার আগে কাজ করার সনদ লাভ করতে পারবে না।

E. সকল অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেটের নম্বর থাকতে হবে। প্রতিটি ক্যাটেগরির সার্টিফিকেটে পর পর দুইটি আলাদা নম্বরের সিরিজ থাকবে, একটি ছেলেদের এবং একটি মেয়েদের জন্য, এ ধরনের সার্টিফিকেট ইস্যু করা শুরু হবে প্রতি স্কুল বছর সেপ্টেম্বরে।

F. নাবালক শিক্ষার্থী ২১ তম জন্মবার্ষিকী পর্যন্ত অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেটের রেকর্ড অবশ্যই স্কুলের সেন্ট্রাল ফাইলে সংরক্ষিত রাখতে হবে। এগুলো যখনি দেখতে পাওয়া হবে, তখনি উপস্থাপন করতে হবে। যখনি শিক্ষার্থীর অন্যত্র বদলি কার্যকর হবে, তখনি তার সমন্বিত রেকর্ডের সাথে সেগুলোকে দিতে হবে।

G. শিক্ষার্থীরা আপস্টেট কম্যুনিটির কোন পদে কাজ করতে আগ্রহী হলে স্কুলের উচিত শিক্ষার্থীদের জানিয়ে দেওয়া যে শিক্ষার্থীদেরকে নিউ ইয়র্ক সিটি ত্যাগের আগেই অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট সংগ্রহ করতে হবে। প্রয়োজনীয় কাগজপত্র থাকলে নিউ ইয়র্ক সিটির বাইরে থেকেও অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট সংগ্রহ করা যেতে পারে।

NYC Department of Education

H. চাইল্ড পারফরমার পারমিট (শিশু শিল্পীদের অনুমতি) শুধু নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার, ডিভিশন অব লেবার স্ট্যান্ডার্ডস, পারমিট অ্যান্ড সার্টিফিকেট প্রোগ্রাম-এর মাধ্যমে পাওয়া যেতে পারে। ডিপার্টমেন্ট অব লেবার-এর ওয়েবসাইট www.labor.state.ny.us থেকে তথ্য সংগ্রহ করা যেতে পারে।

I. স্টেটের আইন (সংযুক্তি নং ১ – "নাবালকদের অনুমোদিত কাজের ঘণ্টা" এবং সংযুক্তি নং ৪ "ব্যতিক্রমের ব্যাখ্যা") ১৮ বছরের কম বয়সীদের অনুমোদিত কাজের ঘণ্টা নিয়ন্ত্রণ করে। স্কুল খোলা থাকাকালে স্কুল বছরের নির্দিষ্ট কিছু পরিস্থিতি বিবেচনা করে কাজের ঘণ্টা বাড়ান যেতে পারে, এবং সেটাকে অবশ্যই শিক্ষার্থীর স্কুলের অনুমোদনদাতা কর্মকর্তার দ্বারা স্বীকৃত হতে হবে। (সংযুক্তি নং ২ – সন্তোষজনক প্রাতিষ্ঠানিক সাফল্যের উদাহরণ দেখুন)।

III. অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট সংগ্রহ করা

একটি অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট সংগ্রহ করতে হলে শিক্ষার্থীকে অবশ্যই "অ্যাপ্লিকেশন ফর অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট" (কাজের সনদের আবেদনপত্র) ফরম (Form AT-17, সংযুক্তি নং ৩ দেখুন), ইস্যুকারী কর্মকর্তার কাছে জমা দিতে হবে। ফরমটি নিচের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যেতে পারে:

http://schools.nyc.gov/StudentSupport/StudentAttendance/WorkingPapers/default.htm.

"অ্যাপ্লিকেশন ফর অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট" ফরম এবং সকল প্রকার অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট এবং পারমিট শিক্ষার্থীর পাবলিক হাই স্কুল, জুনিয়র হাই স্কুল বা মিডল স্কুল থেকে সংগ্রহ করা যেতে পারে। পাবলিক স্কুল বন্ধ থাকলে তা ডিস্ট্রিক্ট ফ্যামেলি অ্যাডভোকেট বা বরো ফ্যামেলি অ্যাডভোকেট-এর কাছে থেকে সংগ্রহ করা যেতে পারে।

"অ্যাপ্লিকেশন ফর অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট"-এ (Form AT-17) নিম্নলিখিত ছয়টি অংশ আছে:

পার্ট I – পিতামাতার অনুমতি

আবেদনকারী ও পিতামাতা/অভিভাবক পূরণ করবেন। পিতামাতা/অভিভাবককে সই করতে হবে।

ফুল-টাইম কাজের ক্ষেত্রে (শুধু প্রথম সার্টিফিকেট), নাবালক সন্তান হাই স্কুলের শিক্ষার্থী না হলে এবং নথি উপস্থাপন না করলে, পিতামাতা বা অভিভাবককে অবশ্যই সই দেওয়ার জন্য সার্টিফিকেশন সেন্টারে উপস্থিত হতে হবে।

পার্ট-টাইম কাজ এবং অন্যসব অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেশনের ক্ষেত্রে, পিতামাতা বা অভিভাবককে অবশ্যই আবেদপপত্রে সই দিতে হবে, তবে সশরীরে যেতে হবে না।

পার্ট II – বয়সের প্রমাণ

নিচে উল্লিখিত মূল কাগজপত্র বয়সের প্রমাণ হিসেবে গৃহীত হবে, যদি সেগুলোতে নাবালক সন্তানের জন্মতারিখ উল্লিখিত হয়: জন্মসনদ (দাপ্তরিক সীলমোহরসহ), যথাযথভাবে প্রত্যয়নকৃত ব্যাপ্টিজম রেকর্ড, পাসপোর্ট (বর্তমান বা মেয়াদোত্তীর্ণ), সিটিজেনশিপের কাগজ, ড্রাইভার্স লাইসেন্স বা দুই বা অধিককাল ধরে স্কুলের রেকর্ডে আছে এমন অন্য কোন বয়সের প্রমাণ।

পার্ট III – শারীরীক যোগ্যতার প্রত্যয়ন

আবেনদকারীকে শিক্ষার্থীর স্বাস্থ্য কাজ করার জন্য উপযুক্ত, এমন বিবৃতিসহ কালি-কলমে সই করা স্বাস্থ্যসেবা প্রদানকারী ডাক্তার, ডিপার্টমেন্ট অব হেলথ বা বেসরকারি ডাক্তারের কাছ থেকে একটি ডাক্তারি নোট উপস্থাপন করতে হবে। যদি ডাক্তারের নোট-এ কোন সীমাবদ্ধতার কথা উল্লেখ করা হয়, ইস্যুকারী কর্মকর্তা একটি "লিমিটেড অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট" (সীমিত কাজের সনদ) প্রদান করবেন এবং অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেটে পেশা, নিয়োগকারী এবং মেয়াদ সরাসরি উল্লেখ করে দেবেন।

পার্ট IV – কাজে নিযুক্তির শর্ত

নিম্নলিখিত শর্তাধীনে এই অংশটি অবশ্যই সম্ভাব্য নিয়োগকর্তা পূরণ করবেন: ১৬ বা ১৭ বয়স্ক আবেদনকারী ফুল-টাইম কাজ খুঁজছে এবং সে হাই স্কুল থেকে গ্র্যাজুয়েশন করেনি; কিংবা আবেদনকারীকে "লিমিটেড অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট" দেয়অ হয়েছে কি না।

পার্ট V – স্কুলের রেকর্ড

শিক্ষার্থী স্কুলছুট এবং ১৬ বছরের বেশি বয়স্ক ও একটি ফুল-টাইম অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেটপ্রাপ্ত হলে এই অংশটি অবশ্যই শিক্ষার্থীর স্কুলকে পূরণ করতে হবে।

পার্ট VI – অ্যাম্পলয়মেন্ট সার্টিফিকেট

আবেদনপত্রের এই অংশটিতে অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য উল্লিখিত থাকে। এর অন্তর্ভুক্ত আছে ইস্যু করা সার্টিফিকেটের দাপ্তরিক নম্বর, ইস্যুর তারিখ, ইস্যুকারী সেন্টার ও ঠিকানা, এবং ইস্যুকারী কর্মকর্তার সই।

A. ফুল-টাইম অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেটের জন্য আবেদনকারীর বয়স ১৬ বা ১৭ হলে ও সে গ্র্যাজুয়েশনের পূর্বে স্কুল ছেড়ে দিতে চাইলে তাকে অবশ্যই পিতামাতার অনুমতি নিতে এবং একটি প্ল্যানিং ইন্টারভিউতে (পরিকল্পনা সাক্ষাৎকার) অংশগ্রহণ করতে

হবে। স্কুলে কজন গাইডেন্স কাউন্সিলর, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল, প্রিন্সিপ্যাল বা প্রিন্সিপ্যালের দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তা এই প্ল্যানিং ইন্টারভিউ পরিচালনা করেন। প্ল্যানিং ইন্টারভিউ-উদ্দেশ্য হাই স্কুল ডিপ্লোমা লাভের উপর গুরুত্ব আরোপ করা, স্কুলে অবস্থান করার সম্ভাবনার ব্যাপারে আলোচনা করা এবং বিকল্প শিক্ষা কর্মসূচি সম্পর্কে তথ্য প্রদান করা এবং শিক্ষার্থীর ২১ বছর পর্যন্ত স্কুলে লেখাপড়ার অধিকার সম্পর্কে কথা বলা।

B. যদি কোন নাবালক বর্তমানে একাধিক নিয়োগকর্তার অধীনে পার্ট-টাইম ভিত্তিতে কাজে নিযুক্ত থাকে, নাবালকের নিযুক্তিকালে নিয়াগকর্তাদেরকে মূল অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ফাইলে রাখতে হবে। প্রতিটি বাড়তি অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেটের জন্য পার্ট I (পিতামাতার অনুমতি) পূরণ করা ও সই করা আবেদনপত্র (Form AT-17) ইস্যুকারি অফিসে অবশ্যই জমা দিতে হবে।

C. হারিয়ে যাওয়া বা নষ্ট হয়ে যাওয়া অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেটের স্থলে আরেকটি বদলি সার্টিফিকেট পেতে হলে শিক্ষার্থীকে আরেকটি আবেদনপত্র (AT-17) দিতে হবে। মূল সার্টিফিকেশন ডকুমেন্ট (আগে পূরণকৃত আবেদনপত্র এবং সার্টিফিকেট অব ফিজিক্যাল ফিটন্যাস একই বছরের) বদলি সার্টিফিকেট ইস্যুকারী অফিসের ফাইলে থাকলে পরে জমা দেওয়া আবেদনপত্রের শুধু পার্ট I (পিতামাতার সম্মতি) পূরণ করতে হবে।

IV. <u>সার্টিফিকেশন সাইট</u>

অনুরোধসাপেক্ষে সকল পাবলিক হাই স্কুল, জুনিয়র হাই স্কুল, এবং মিডল স্কুলকে অবশ্যই তাদের স্কুলের শিক্ষার্থীদের জন্য অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করতে হবে। সকল পাবলিক হাই স্কুলকে অবশ্যই অনুরোধসাপেক্ষে নন-পাবলিক স্কুলের শিক্ষার্থীদের জন্য অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করতে হবে।

A. **<u>পাবলিক স্কুল</u>** - দায়িত্বপ্রাপ্ত স্কুল স্টাফ যাদের জন্য অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করবেন:

1. ১৪ থেকে ১৭ বছর বয়স্ক সকল শিক্ষার্থী যারা তাদের রেজিস্টারসমূহের অন্তর্ভুক্ত।
2. ১৬ থেকে ১৭ বছর বয়স্ক সকল শিক্ষার্থী যারা কোন হাই স্কুলের রেজিস্টার থেকে বর্তমান তারিখ থকে এক বছরের মধ্যে বের করে দেয়া হয়েছে এবং নিউ ইয়র্ক সিটির অন্য কোন পাবলিক স্কুলে ভর্তি হয়নি।
3. ১১ থেকে ১৭ বছর বয়স্ক সকল শিক্ষার্থী যারা নিউজপেপার বিলির অনুমতির জন্য অনুরোধ জানিয়েছে।
4. সকল পাবলিক হাই স্কুলকে নন-পাবলিক স্কুলের শিক্ষার্থীদের, যাদের স্কুল অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করে না, তাদের জন্য অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করতে হবে। নন-পাবলিক স্কুলের শিক্ষার্থীদেরকে তাদের বর্তমান স্কুলের রেজিস্ট্রেশনের কাগজপত্র দেখাতে হবে।

B. **<u>নন-পাবলিক স্কুল</u>** – স্বীকৃত বেসরকারি ও ধর্মীয় স্কুলের দায়িত্বপ্রাপ্ত স্টাফ অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করতে পারবেন এবং তাদেরকে তা করতে উৎসাহিত করা হয় যাতে তাদের স্কুলের শিক্ষার্থীরা নিযুক্ত হতে পারে। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন পরিচালিত প্রশিক্ষণে অংশগ্রহণ সাফল্যের সাথে সম্পন্ন করার পর নন-পাবলিক স্কুলগুলো অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করার জন্য অনুমোদিত হয়। প্রশিক্ষণ পরিচালনা করা হয় অনুরোধের প্রেক্ষিতে। নন-পাবলিক স্কুলগুলো নিচের নিয়মে অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করতে পারে:

1. ১৪ থেকে ১৭ বছর বয়স্ক সকল শিক্ষার্থী যারা তাদের রেজিস্টারসমূহের অন্তর্ভুক্ত।
2. ১১ থেকে ১৭ বছর বয়স্ক সকল শিক্ষার্থী যারা তাদের রেজিস্টারসমূহের অন্তর্ভুক্ত এবং যারা নিউজপেপার বিলির অনুমতির জন্য অনুরোধ জানিয়েছে।

C. ডিস্ট্রিক্ট ফ্যামেলি অ্যাডভোকেট এবং বরো ফ্যামেলি অ্যাডভোকেটদেরকে নিম্নলিখিত শ্রেণির শিক্ষার্থীদের জন্য সব ধরনের অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ও পারমিট ইস্যু করার জন্য পাওয়া যাবে:

1. যে শিক্ষার্থীরা স্কুল বন্ধ থাকাকালে পার্ট-টাইম অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট নিতে আগ্রহী।
2. ১৮ বছরের কম বয়স্ক নাবালক যারা স্পেশাল অকুপেশন পারমিটের (শিশু মডেল, সংবাদপত্র বিলি, ফুটপাথের ব্যবসা এবং খামারের কাজ) জন্য অনুরোধ জানায়।
3. নন-পাবলিক স্কুলের ১৮ বছরের কম বয়স্ক শিক্ষার্থী, যদি তাদের স্কুল সার্টিফিকেট ইস্যু না করে।
4. স্টেটের বাইরের ১৮ বছরের কম বয়স্ক নাবালক।

V. <u>অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেটের শ্রেণি ও অ্যামপ্লয়মেন্ট পারমিট</u>

A. <u>ফুল-টাইম অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট</u> – ইস্যু করা হয় ১৬ বা ১৭ বছরের নাবালক শিক্ষার্থীদের জন্য, যে একটি ফুল-টাইম কাজের জন্য “প্লেজ অব অ্যামপ্লয়মেন্ট” (চাকরির প্রতিশ্রুতি) পেয়েছে, যে দিনের স্কুল ত্যাগ করার ইচ্ছা ব্যক্ত করে ও যার এক্সিট ইন্টারভিউ হয়ে গেছে, অথবা যে হাই স্কুল গ্র্যাজুয়েট।

NYC Department of Education

B. শিক্ষাথীদের সাধারণ অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট - ইস্যু করা হয় ১৬ বা ১৭ বছরের নাবালক শিক্ষার্থীদের জন্য, যে একটি দিনের স্কুলের শিক্ষার্থী কিন্তু সে স্কুলের সময়ের পরে, ছুটির সময়ে, অথবা উভয় সময়ে কাজ করতে আগ্রহী।

C. শিক্ষাথীদের ফ্যাক্টরিবহির্ভূত অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট - ইস্যু করা হয় ১৪ বা ১৫ বছরের নাবালক শিক্ষার্থীদের জন্য, যে একটি দিনের স্কুলের শিক্ষার্থী কিন্তু সে স্কুলের সময়ের পরে, ছুটির সময়ে, অথবা উভয় সময়ে কাজ করতে আগ্রহী।

D. সীমিত অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট - কাজ করার জন্য শারীরিক বাধা আছে এমন ১৪ থেকে ১৭ বছরের নাবালক শিক্ষার্থীদের বিশেষ বিশেষ ধরন উল্লেখ করে (ফুল-টাইম, স্টুডেন্ট জেনারেল কিংবা নন-ফ্যাক্টরি) ইস্যু করা হয়। সীমিত অ্যামপ্লয়মেন্ট সার্টিফিকেট ছয় মাস মেয়াদে বৈধ থাকে। তবে, যদি যাচাইকারী ডাক্তার সার্টিফিকেট অব লিমিটেড ফিটন্যাস-এ উল্লেখ করেন যে, নাবালক শিক্ষার্থীর শারীরীক অক্ষমতা স্থায়ী প্রকৃতির, তাহলে প্লেজ অব অ্যামপ্লয়মেন্টে দেওয়া কাজের প্রকৃতি ও ধরণ অপরিবর্তিত থাকলে সার্টিফিকেটও বৈধ থাকবে।

E. **চাইল্ড মডেল পারমিট** – ডাক্তারের মূল নোট, স্কুলের রেকর্ড (স্কুলের উপযুক্ত বয়সের হলে), এবং বয়সের প্রমাণ পেলে শৈশব থেকে ১৭ বছর বয়েসীদের জন্য ইস্যু করা হয়।

F. **ফুটপাথে ব্যবসার পারমিট** - ইস্যু করা হয় ফুটপাথে বা অন্যান্য উন্মুক্ত জায়গায় সংবাদপত্র ও সাময়িকী বিক্রির কাজে (সরবরাহকারীদের কাছ থেকে কেনা) নিয়োজিত ১৪ থেকে ১৭ বছরের নাবালক শিক্ষার্থীদের জন্য। এর মধ্যে অন্তর্ভুক্ত আছে আত্ম-কর্মসংস্থানে নিয়োজিত ১৪ বছরের নাবালকরা, যারা ফুটপাথে অন্যান্য উন্মুক্ত জায়গায় জুতো পালিশ করার কাজে নিয়োজিত হয় (Form AT-22)।

G. **খামারে কাজের পারমিট - স্পেশাল** ইস্যু করা হয় ১২ বছরের নাবালক শিক্ষার্থীদের বেরি, ফল এবং শাক-সব্জি হাতে তোলার কাজে নিযুক্তির জন্য(Form AT-25)।

H. **খামারে কাজের পারমিট** - ইস্যু করা হয় ১৪ বা ১৫ বছরের নাবালক শিক্ষার্থীদের খামারের কাজে নিযুক্তির জন্য (Form AT-222)।

I. **সংবাদপত্র বিতরণ পারমিট** – ১৭ বছরের নাবালকের জন্য ইস্যু করা হয় (বেতনের ভিত্তিতে নিয়োগ দেয়া) যাতে সে সংবাদপত্র বা অন্যান্য ছাপানো সামগ্রী গ্রাহকদের বাড়িতে বা ব্যবসায় বিতরণের কাজে নিয়োজিত হতে পারে। আবেদনকারী যোগ্যতার কাগজপত্র দেখাতে পারলে সংবাদপত্র বিতরণ পারমিট-এর জন্য কোন ফিজিক্যাল ফিটন্যাস সার্টিফিকেট আবশ্যিক নয়।

VI. বাতিল

কাজ করার ফলে শিক্ষাথীর স্কুলের আবশ্যিক উপস্থিতি, লেখাপড়ায় অগ্রগতি, স্বাস্থ্য এবং কল্যাণ বিঘ্নিত হচ্ছে, স্কুল কর্মকর্তা এ ব্যাপারে নিশ্চিত হলে সার্টিফিকেট বা পারমিট বাতিল করা হতে পারে। এ ছাড়াও, সার্টিফিকেট ও পারমিট বাতিল হতে পারে, যদি স্কুল কর্মকর্তা নিশ্চিত হতে পারেন যে সার্টিফিকেট বা পারমিট ইস্যু করা হয়েছে মিথ্যা তথ্যের ভিত্তিতে। এ ধরনের পরিস্থিতিতে, স্কুল কর্মকর্তাকে সার্টিফিকেট বা পারমিট বাতিলের আগে অবশ্যই যথাযথ বিজ্ঞপ্তি প্রদান করতে হবে।

VII. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

ফোন:	*Office of School and Youth Development* N.Y.C. Department of Education 52 Chambers Street New York, NY 10007	ফ্যাক্স :
212 -374- 6095		212- 374 -5751

NYC Department of Education

নাবালকদের অনুমোদিত কাজের ঘণ্টা

নিচের তালিকাটি নিউ ইয়র্ক স্টেটের শ্রম আইনের বিধান অনুযায়ী ১৮ বছরের কম বয়েসীদের অনুমোদিত কাজে ঘণ্টার একটি সংক্ষিপ্ত রূপ।

বয়স	শিল্প/পেশা	সর্বোচ্চ দৈনিক কাজের ঘণ্টা	সর্বোচ্চ সাপ্তাহিক কাজের ঘণ্টা	সপ্তাহে সর্বোচ্চ কাজের দিন	অনুমোদিত কাজের দিন
নাবালক – যখন স্কুল খোলা থাকে					
১৪ এবং ১৫	খামারের কাজ, সংবাদপত্র বাহক, এবং রাস্তার কাজ ছাড়া সব ধরনের পেশা	স্কুল দিবসে ৩ ঘণ্টা; অন্যান্য দিন ৮ ঘণ্টা	১৮ ঘণ্টা [1]	৬	সকাল ৭টা থেকে সন্ধ্যা ৭টা
১৬ এবং ১৭	খামারের কাজ, সংবাদপত্র বাহক, এবং রাস্তার কাজ ছাড়া সব ধরনের পেশা	স্কুল শুরুর আগে স্কুলদিবসগুলোতে ৪ ঘণ্টা (সোম, মঙ্গল, বুধ, বৃহস্পতি) [2]; শুক্র, শনি, রবি এবং ছুটির দিনগুলোতে ৮ ঘণ্টা[4]	২৮ ঘণ্টা [4]	৬[4]	সকাল ৬টা থেকে রাত ১০টা[3]
নাবালক – যখন স্কুল খোলা নয়					
১৪ এবং ১৫	খামারের কাজ, সংবাদপত্র বাহক, এবং রাস্তার কাজ ছাড়া সব ধরনের পেশা	৮ ঘণ্টা	৪০ ঘণ্টা	৬	সকাল ৭টা থেকে রাত ৯টা ২১ জুন থেকে লেবার ডে পর্যন্ত
১৬ এবং ১৭	খামারের কাজ, সংবাদপত্র বাহক, এবং রাস্তার কাজ ছাড়া সব ধরনের পেশা	৮ ঘণ্টা [4]	৪৮ ঘণ্টা [4]	৬[4]	সকাল ৬টা থেকে মধ্যরাত[4]
নাবালক – যারা স্কুলে যায় না					
১৬ এবং ১৭	খামারের কাজ, সংবাদপত্র বাহক, এবং রাস্তার কাজ ছাড়া সব ধরনের পেশা	৮ ঘণ্টা [4]	৪৮ ঘণ্টা[4]	৬ ঘণ্টা[4]	সকাল ৬টা থেকে মধ্যরাত[4]
খামারের কাজ					
১২ এবং ১৩	বেরি, ফল এবং শাক-সব্জি হাতে তোলা.	৪ ঘণ্টা	____	____	সকাল ৭টা থেকে সন্ধ্যা ৭টা ২১ জুন থেকে লেবার ডে পর্যন্ত; লেবার ডে-এর পরে ২০ জুন পর্যন্ত সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত
১৪ এবং অধিক	যে কোন খামারের কাজ	____	____	____	____
সংবাদপত্র বাহক					
১১ থেকে ১৮	পরিবহন বা বিক্রয় এবং বাড়িতে বা ব্যবসা প্রতিষ্ঠানে সংবাদপত্র, শপিং পেপার, বা সাময়িকী বিতরণ।	স্কুল দিবসে ৪ ঘণ্টা; অন্যান্য দিন ৫ ঘণ্টা	____	____	সকাল ৫টা থেকে সন্ধ্যা ৭টা কিংবা সূর্যাস্তের ৩০ মিনিট পূর্ব, যেটা পরে হয়, সে পর্যন্ত
ফুটপাথের ব্যবসা					
১৪ থেকে ১৮	উন্মুক্ত স্থানে সংবাদপত্র বিক্রি বা জুতা পালিশকারী হিসেবে আত্ম-কর্মসংস্থান।	স্কুল দিবসে ৪ ঘণ্টা; অন্যান্য দিন ৫ ঘণ্টা	____	____	সকাল ৭টা থেকে সন্ধ্যা ৭টা

1 যেসব ১৪ ও ১৫ বছর বয়েসী শিক্ষার্থী ওয়ার্ক স্টাডি কর্মসূচির জন্য অনুমোদিত, তারা স্কুল খোলা থাকাকালে এক স্কুল দিবসে ৩ ঘণ্টা, যে কোন সপ্তাহে ২৩ ঘণ্টা কাজ করতে পারবে।

2 যেসব ১৬ ও ১৭ বছর বয়েসী শিক্ষার্থী কো অপারেটিভ এডুকেশন কর্মসূচির জন্য অনুমোদিত, তারা রবিবার বা ছুটির দিন ব্যতীত স্কুল খোলা থাকাকালে যে কোন স্কুল দিবসের আগের দিন, যদি এই কাজের সময়টি কর্মসূচির সাথে সংযুক্ত থাকে, তাহলে ৬ ঘণ্টা কাজ করে করতে পারবে।

3 স্কুল দিবসের আগে পিতামাতা এবং শিক্ষাপ্রতিষ্ঠানের লিখিত অনুমতিসাপেক্ষে সকাল ৬টা থেকে রাত ১০টা পর্যন্ত বা মধ্যরাত্রি পর্যন্ত এবং স্কুলে যাওয়া আবশ্যক নয় এমন দিনে পিতামাতার লিখিত অনুমতিসাপেক্ষে মধ্যরাত পর্যন্ত কাজ করতে পারবে।

4 এসব বিধান রিসোর্ট হোটেল বা রিসোর্ট এলাকার রেস্টুরেন্টগুলোতে নিযুক্ত নাবালকদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

Department of Education

সন্তোষজনক অ্যাকাডেমিক সাফল্যের উদাহরণ

অনুগ্রহ করে স্কুলের লেটারহেড ব্যবহার করুন
যাতে ঠিকানা দেয়া আছে

অ্যাকাডেমিক সাফল্যের সনদ

____________________________________, __________ বছর বয়স, সে
(নাবালক শিক্ষার্থীর নাম)

________________________________ স্কুলের শিক্ষার্থী এবং সে সন্তোষজনক অ্যাকাডেমিক

সাফল্য বজায় রেখেছে যা ____________________________ স্কুল/ডিস্ট্রিক্ট নিশ্চিত করেছে।

এই সনদ ______________________________-কে স্কুল দিবসের শেষে পিতামাতার লিখিত
(নাবালক শিক্ষার্থীর নাম)

অনুমতিসাপেক্ষে রাত ১০টা থেকে সকাল ১২টা পর্যন্ত কাজ করার অনুমোদন দেয়।

প্রত্যয়নকারী কর্মকর্তা: ____________________________________

পদবী: ____

পাবলিক স্কুল ডিস্ট্রিক্ট: __________________________________

স্কুলের ঠিকানা: ____________________________________

____

স্কুলের ফোন: ____________________________________

তারিখ: ________________________

মেয়াদোত্তীর্ণ হওয়ার তারিখ: ____________________

AT-17
Rev. 9/91

Chancellor's Regulation A-250
Attachment C

THE UNIVERSITY OF THE STATE OF NEW YORK
THE STATE EDUCATION DEPARTMENT
ALBANY, NEW YORK 12234

APPLICATION FOR EMPLOYMENT CERTIFICATE

See reverse side of this form for information concerning employment of minors.

All signatures must be handwritten in ink, and applicant must appear in person before the certificating official.

PART I – Parental Consent – (To be completed by applicant and parent or guardian)

Parent or guardian must appear at the school or issuing center to sign the application for the first certificate for full-time employment, unless the minor is a graduate of a four-year high school and presents evidence thereof. For all other certificates, the parent or guardian must sign the application, but need not appear in person to do so.

Date..........

I, ... [Applicant] Age ...., ... [Social Security Number]

Home address .... [Full Home Address including Zip Code], apply for a certificate as checked below:

- ☐ Nonfactory Employment Certificate – Valid for lawful employment of a minor 14 or 15 years of age enrolled in day school when attendance is not required.
- ☐ Student General Employment Certificate – Valid for lawful employment of a minor 16 or 17 years of age enrolled in day school when attendance is not required.
- ☐ Full-Time Employment Certificate – Valid for lawful employment of a minor 16 or 17 years of age who is not attending day school.

I hereby consent to the required medical examination and employment certification as indicated above.

.... [Signature of Parent or Guardian]

PART II – Evidence of Age – (To be completed by issuing official only)

.... [Date of Birth] – Check evidence of age accepted – Document # (if any) ....

Birth Certificate   State Issued Photo   I.D. Driver's License   Schooling Record   Other.......... [Specify]

PART III – Certificate of Physical Fitness

Applicant shall present a Certificate of Physical Fitness from a school or private physician. Said examination must have been given within 12 months prior to issuance of the employment certificate.

If the Certificate of Physical Fitness is limited, the issuing official shall issue a Limited Employment Certificate (valid for a period not to exceed 6 months unless the limitation noted by the physician is permanent, then the certificate will remain valid until the minor changes jobs. Enter the limitation on the employment certificate.

PART IV – Pledge of Employment – (To be completed by prospective employer)

Part IV must be completed only for: (a) a minor with a medical limitation; and (b) for a minor 16 years of age who is leaving school, and resides in a district (New York City and Buffalo) which require a minor 16 years of age who is not employed to attend school, according to Section 3205 of the Education Law.

The undersigned will employ .... [Applicant] residing at ....

as .... [Description of Applicant's Work] at .... [Job Location]

for.......... days per week ....hours per day, beginning .... a.m. .... p.m.

.... [Name of Firm]   Factory   ending.......... a.m. .... p.m.

Nonfactory   .... [Address of Firm]

.... [Telephone Number]   Starting date .... [Signature of Employer]

PART V – Schooling Record – (To be completed by school official)

Part V must be completed only for a minor 16 years of age who is leaving school, and resides in a district (New York City and Buffalo) which require a minor 16 years of age to attend school, according to Section 3205 of the Education Law.

I certify that the records of .... [Name of School] .... [Address]

show that .... [Name of Applicant] whose date of birth is ....

is in grade .... [Signature of Principal or Designee]

PART VI – Employment Certification – (To be completed by issuing official only)

Certificate Number ....   Date Issued ....

.... [School or Issuing Center]   .... [Address]   .... [Signature of Issuing Official]

THIS APPLICATION DOES NOT AUTHORIZE EMPLOYMENT

সাধারণ তথ্য

সনদের ধরন অনুযায়ী আইনগতভাবে অনুমোদিত বিভিন্ন কাজের ক্ষেত্রে একটি কাজের সনদ বা এমপ্লয়মেন্ট সার্টিফিকেট (স্টুডেন্ট নন-ফ্যাক্টরি, স্টুডেন্ট জেনারেল, কিংবা ফুলটাইম) পর পর বিভিন্ন কাজে অসংখ্যবার ব্যবহার করা যাবে।

একটি নন-ফ্যাক্টরি কাজের সনদ ইস্যু করার পর থেকে ২ বছর পর্যন্ত কিংবা শিক্ষার্থীর বয়স ১৬ বছর হওয়া পর্যন্ত, লিমিটেড এমপ্লয়মেন্ট সার্টিফিকেট-এর ব্যতিক্রম ছাড়া, বৈধ থাকে। একটি লিমিটেড এমপ্লয়মেন্ট সার্টিফিকেট (সীমিত কাজের সনদ) ৬ মাস বৈধ থাকে, যদি না ডাক্তার দ্বারা বৈধতার সীমা স্থায়ী বলে উল্লেখ করা হয়, সেক্ষেত্রে নাবালক শিক্ষাথী চাকরি পরিবর্তন না করা পর্যন্ত সনদ বৈধ থাকবে। শুধু সনদে নির্দেশিত নিয়োগকারী মেনে নিলেই কেবল এটা গৃহীত হতে পারে।

ভিন্ন ধরনের কাজের জন্য আবেদন করতে হলে নতুন একটি সার্টিফিকেট অব ফিজিক্যাল ফিটন্যাস (শারীরীক উপযুক্ততার সনদ) আবশ্যক, যদি পূর্ববতী ফিজিক্যাল ফিটন্যাস সার্টিফিকেট ইস্যুর পর ১২ মাস অতিক্রান্ত হয়ে থাকে।

নাবালক শিক্ষাথী যতদিন কাজে নিযুক্ত থাকবে, নিয়োগকর্তাকে সার্টিফিকেটিকে ফাইলে জমা রাখতে হবে। নিযুক্তি বাতিল হওয়ার পর বা কাজের সনদ মেয়াদোত্তীর্ণ হওয়ার পর সার্টিফিকেটটিকে নাবালক শিক্ষাথীর কাছে ফেরত দিতে হবে। কারণ থাকলে স্কুল ডিস্ট্রিক্ট কর্তৃপক্ষ যে কোন সনদ ফিরিয়ে নিতে পারে।

সংবাদপত্র বিলি, ফুটপাথে ব্যবসা, খামারে কাজ করা, কিংবা শিশু মডেল হিসাবে কাজ করায় অবশ্যই বিশেষ অকুপেশন্যাল পারমিট আবশ্যক।

১৪ বছর বা অধিক বয়েসী নাবালককে ক্যাডি (গলফ সরঞ্জাম বহনকারী), বেবিসিটার, নৈমিত্তিক গৃহস্থালী কাজসহ বাগানের কাজে নিযুক্ত করা যাবে, যদি তখন তার স্কুলে যাওয়া আবশ্যক না হয়। এসব কাজের জন্য কাজের সনদ থাকা বাধ্যতামূলক নয়।

যেসব কাজের জন্য কাজের সনদ থাকার প্রয়োজন নেই, সেসব কাজের জন্য নাবালক নিয়োগকারীকে অবশ্যই বয়সের সনদ দিতে বলতে হবে।

নিষিদ্ধ কাজ

যেসব নাবালকদের বয়স ১৪ ও ১৫, তাদেরকে কোন ফ্যাক্টরিতে কিংবা ফ্যাক্টরির সাথে সংশ্লিষ্ট কাজে (অভ্যন্তরস্থ অফিসে ডেলিভারি ও ক্ল্যারিকেল কাজে নিযুক্তি ছাড়া) অথবা কোন ঝুঁকিপূর্ণ কাজে যেমন: মোটরযানের হেলপার; কোন প্রতিষ্ঠানে ওয়াশিং, গ্রাইন্ডিং, কাটিং, স্লাইসিং, প্রেসিং কিংবা মিক্সিং করার মেশিনের কাজ; কোন ভবন বা নির্মিত কাঠামো রক্ষণাবেক্ষণ কাজের অংশ হিসেবে রং করা বা বহির্ভাগ পরিষ্কার করা; এবং নিউ ইয়র্ক স্টেট লেবার ল-এর অনুচ্ছেদ ১৩৩-এ বর্ণিত অন্যান্য কাজ।

যেসব নাবালকদের বয়স ১৬ ও ১৭, তাদেরকে নির্দিষ্ট কিছু ঝুঁকিপূর্ণ কাজে নিযুক্ত করা যাবে না, যেমন: নির্মাণ কাজ, মোটরযানে হেলপার, বিভিন্ন ধরনের বিদ্যুৎ চালিত মেশিনারি; এবং এবং নিউ ইয়র্ক স্টেট লেবার ল-এর অনুচ্ছেদ ১৩৩-এ বর্ণিত অন্যান্য কাজ।

কাজের ঘণ্টা

নাবালকদের যখন স্কুলে থাকা বাধ্যতামূলক, তখন তাদেরকে কাজে নিযুক্ত করা যাবেনা।
যেসব নাবালকদের বয়স ১৪ ও ১৫, তাদেরকে নিম্নল্লিখিত সময়ে কোন কাজে নিযুক্ত করা যাবেনা (খামারের কাজ ও ডেলিভারির কাজ, এবং সংবাদপত্র বিলি ও বিক্রি ছাড়া):

যখন স্কুল চালু থাকে:

- যে কোন স্কুল দিবসে ৩ ঘণ্টার বেশি, স্কুলে যেতে হয় না এমন দিন ৮ ঘণ্টার বেশি, যে কোন কর্ম দিবসে ৬ ঘণ্টার বেশি, যে কোন সপ্তাহে ১৮ ঘণ্টার বেশি, অথবা কমিশনার অনুমোদিত কোন তত্ত্বাবধানকৃত ওয়ার্ক-স্টাডি কর্মসূচিতে নিবন্ধিত থাকলে সর্বোচ্চ ২৩ ঘণ্টা।
- সন্ধ্যা ৭টার পর বা সকাল ৭টার আগে

যখন স্কুল চালু থাকে না:

- যে কোনদিন ৮ ঘণ্টার বেশি, এক সপ্তাহে ৬ দিন, সপ্তাহে সর্বোচ্চ ৪০ ঘণ্টা।
- রাত ৯টার পর কিংবা সকাল ৭টার আগে

এই সনদ সংবাদপত্র বাহক, কৃষিকাজ বা মডেলিংয়ের সাথে সংশ্লিষ্ট কাজের জন্য বৈধ নয়।

যেসব নাবালকদের বয়স ১৬ ও ১৭, তাদেরকে নিম্নল্লিখিত সময় কাজে নিযুক্ত করা যাবেনা:-

যখন স্কুল চালু থাকে:

- স্কুল দিবসে স্কুলের পর ৪ ঘণ্টার বেশি; স্কুল দিবসের পরে নয় এমন দিনগুলোতে ৮ ঘণ্টার বেশি (শুক্রবার, শনিবার, রবিবার এবং ছুটির দিন), যে কোন সপ্তাহে সর্বোচ্চ ২৮ ঘণ্টা।
- পিতামাতা বা অভিভাবকের লিখিত অনুমতি এবং নাবালক শিক্ষাথীর স্কুল থেকে প্রদত্ত (প্রতিটি মার্কিং পিরিয়ডের পর বৈধ বলে স্বীকৃত) অ্যাকাডেমিক সাফল্যের সনদ ছাড়া স্কুল দিবসের পর রাত ১০টা থেকে মধ্যরাত ১২টা পর্যন্ত।
- পিতামাতা বা অভিভাবকের লিখিত অনুমতি ছাড়া স্কুল দিবসের পর নয় এমন দিনে রাত ১০টা থেবে মধ্যরাত ১২টা।

যখন স্কুল চালু থাকে না:

- যে কোন দিন ৮ ঘণ্টার বেশি, সপ্তাহে ৬ দিন, সাপ্তাহিক সর্বোচ্চ ৪৮ ঘণ্টার বেশি।

শিক্ষা আইন, অনুচ্ছেদ ৩২৩৩

"যে ব্যক্তি জেনেশুনে কাজের আবেদন করার সময় কাজের সনদ বা অনুমতি সম্পর্কিত বিষয়ে একটি মিথ্যা বিবৃতি প্রদান করেন যা এই অধ্যায়ের কোন বিষয়ের সাথে সংশ্লিষ্ট অ্যাফিডেবিট, রেকর্ড, ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট বা পারমিটে ব্যবহৃত হয়, তিনি অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হবেন।"

25-2760.52.2(250 Pkgs) 2/94

ব্যতিক্রমের ব্যাখ্যা

১. গলফ কোর্সের ক্যাডি (গলফ সরঞ্জাম বহনকারী) হিসেবে কাজে নিযুক্তিতে এমপ্লয়মেন্ট সার্টিফিকেট বা পারমিট (কাজের সনদ বা অনুমতি) আবশ্যক নয়। তবে, ক্যাডিকে অবশ্যই কমপক্ষে ১৪ বছর বয়স্ক হতে হবে।

২. বেবিসিটার হিসেবে কাজে নিযুক্তিতে এমপ্লয়মেন্ট সার্টিফিকেট বা পারমিট আবশ্যক নয়। তবে, বেবিসিটারকে অবশ্যই কমপক্ষে ১৪ বছর বয়স্ক হতে হবে।

৩. খামারে কাজে ১৬ এবং ১৭ বছর বয়স্ক নাবালক শিক্ষার্থীর এমপ্লয়মেন্ট সার্টিফিকেট বা পারমিট আবশ্যক নয়।

৪. যেসব নাবালক শিক্ষার্থীর বয়স ১৪ এবং ১৫ বছর, তাদেরকে খামারের বিক্রয় কেন্দ্রে কিংবা বা ৫%-এর বেশি পণ্য খামার মালিকের নিজস্ব খামারের বাইরে উৎপাদিত নয় এমন ফারমার্স মার্কেটের বিক্রয়কেন্দ্রে নিয়োগ দিতে হলে তাদের অবশ্যই একটি কাজের সনদ (এমপ্লয়মেন্ট) থাকতে হবে। যদি বিক্রিত পণ্যের ৫%-এর কম খামার মালিকের খামারে উৎপাদিত না হয়, তাহলে একটি কাজের অনুমতির প্রয়োজন হবে। বেরি, ফল ও শাকসব্জি তোলার কাজে ১২ এবং ১৩ বছরের নাবালকদের নিযুক্ত করতে হলেও অনুমতির প্রয়োজন হবে। খামারের বিক্রয় কেন্দ্র বা ফারমার্স মার্কেটের বিক্রয় কেন্দ্রের মালিক বা লিজ গ্রহীতা তাদের পিতামাতা, অভিভাবক, দাদাদাদী-নানানানী হলে ১২ থেকে ১৬ বছরের নাবালক শিক্ষার্থীর খামারের কাজের অনুমতির প্রয়োজন হবে না।

৫. ১২ বছর বা অধিক বয়স্ক নাবালক শিক্ষার্থীর খামারের কাজের অনুমতির প্রয়োজন হবে না যদি তারা তাদের পিতামাতাদের বাড়ির খামারে বা বাইরে এমন কাজ করে যা কোন ব্যবসার সাথে জড়িত নয়।

৬. ১৬ বা ১৭ বছর বয়স্ক কলেজ শিক্ষার্থী অলাভজনক কলেজ বা ইউনিভার্সিটি বা ফ্রেটারনিটি, সরোরিটি, স্টুডেন্ট অ্যাসোসিয়েশন, বা ফ্যাকাল্টি অ্যাসোসিয়েশনের কাজে নিযুক্ত হলে কাজের অনুমতির প্রয়োজন হবে না।

৭. ১৪ বা ১৫ বছর বয়স্ক নাবালক শিক্ষার্থী নৈমিত্তিকভাবে আবাসিক বা কোন অলাভজনক প্রতিষ্ঠানের কিংবা বাণিজ্যিক নয়, এমন কোন বাড়ির ভেতরে বা বাড়ির সাথে সংশ্লিষ্ট কোন ইয়ার্ড ও গৃহস্থালী কাজে, যেখানে বিদ্যুৎচালিত মেশিন চালাতে না হয়, নিয়োজিত হলে এমপ্লয়মেন্ট সার্টিফিকেটের প্রয়োজন হবে না। ১৬ বা ১৭ বছর বয়স্ক নাবালক শিক্ষার্থীর ইয়ার্ড বা গৃহস্থালী কাজে, এমনকি সেখানে সাধারণ বিদ্যুৎচালিত যন্ত্র ব্যবহার করতে হলেও, নিযুক্ত হতে এমপ্লয়মেন্ট সার্টিফিকেটের প্রয়োজন হবে না। সুতরাং, লন ও বাগানের কাজে এমপ্লয়মেন্ট সার্টিফিকেটের প্রয়োজনীয়তা নির্ভর করে নাবালকের বয়স, বিদ্যুৎচালিত যন্ত্র ব্যবহার, এবং নিযুক্তি নৈমিত্তিক (নিয়বন্ধভাবে, সাময়িক, আগে থেকে অনুমান, পরিকল্পনা, বা প্রক্রিয়া ছাড়া) কি না, ইত্যাদি বিষয়ের উপর।